# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৭. যীশুর পুনুরুত্থানের বর্ণনায় ইঞ্জিলীয় বৈপরীত্য

সম্মানিত পাঠক, যীশুর জীবনের সবচেয়ে বড় ঘটনা, গ্রেফতার থেকে কবরস্থ করা পর্যন্ত সামান্য কয়েক ঘণ্টার ঘটনা বর্ণনায় ইঞ্জিলগুলোর সাংঘর্ষিক বক্তব্যের কিছু নমুনা দেখলেন। অনুরূপ সাংঘর্ষিক বৈপরীত্য আমরা দেখি যীশুর পুনরুত্থানের ঘটনা বর্ণনার ক্ষেত্রে। পাঠক যদি ইঞ্জিলগুলোর শেষ অধ্যায়, অর্থাৎ মথি ২৮ অধ্যায়, মার্ক ১৬ অধ্যায়, লূক ২৪ অধ্যায় এবং যোহন ২০ ও ২১ অধ্যায় তুলনামূলক অধ্যয়ন করেন তবে আপনি বিশ্বাস করতে পারবেন না যে, এ সকল অধ্যায়ে একই ব্যক্তির একই ঘটনা বর্ণনা করা হয়েছে। এ কাহিনীগুলোর মধ্যে মিলের চেয়ে বৈপরীত্য বেশি বলেই মনে হবে।

এ পর্বের বৈপরীত্যও মাত্র কয়েক ঘণ্টার ঘটনা নিয়ে। রবিবার সকালে যীশুর পুনরুত্থান। সেদিনই রাতে অথবা কয়েকদিন পরে তার স্বর্গারোহণ। কয়েক ঘণ্টার ঘটনা বর্ণনায় প্রায় অর্ধশত বৈপরীত্য আমরা ১৮টা অনুচ্ছেদে আলোচনা করব। উল্লেখ্য যে, অনুবাদের সচ্ছতার দিকে লক্ষ্য রেখে বাইবেল-২০০০, কিতাবুল মোকাদ্দস বা কেরির বাইবেল থেকে উদ্ধৃতি প্রদান করা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14062

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন